

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

নং পরীক্ষা/সিই-৫০১

তারিখ : ২৫/০৩/২০১৩

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীর অবগতির জন্য জানানো যাইতেছে যে, চলতি টার্মে যে সকল ছাত্র/ছাত্রীর গ্র্যাজুয়েশন সম্পন্ন করিতে সর্বোচ্চ ২টি Theory Course বাকী আছে যা ইতিপূর্বে ছাত্র/ছাত্রীগণ রেজিস্ট্রেশন করিয়া অনুত্তীর্ণ হইয়াছে বা Term Withdraw করিয়াছে এবং চলতি টার্মে উক্ত বিষয়/বিষয়সমূহ রেজিস্ট্রেশন করিয়াছে তাহাদের গ্র্যাজুয়েশন সম্পন্ন করার লক্ষ্যে একাডেমিক কাউন্সিলের অনুমোদন ও উপাচার্য মহোদয়ের নির্দেশ মোতাবেক Supplementary পরীক্ষা নেওয়া হইবে। Supplementary পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে ৩০ মার্চ ২০১৩ থেকে ০৩ এপ্রিল ২০১৩ পর্যন্ত সময়ে On line প্রক্রিয়া সম্পন্ন করে নিজ নিজ Adviser এর মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট ০৩ এপ্রিল ২০১৩ এর মধ্যে আবেদন করার নির্দেশ দেওয়া হইল। যে সকল ছাত্র/ছাত্রী Sessional/Industrial Training/Practical Survey ইত্যাদি কোর্সসমূহ ইতিমধ্যে সম্পন্ন করে নাই Supplementary পরীক্ষার জন্য তাহাদের আবেদন বিবেচিত হইবে না।

আবেদনকৃত বিষয়সমূহের মোট নম্বরের ৭০% নম্বরের উপর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং অবশিষ্ট ৩০% নম্বর পূর্ববর্তী টার্মের Continuous Assessment (Class Test ও Class Attendance) হইতে নেওয়া হইবে (তবে পূর্বে একই বিষয়ে একাধিকবার অনুত্তীর্ণ হইলে সবচেয়ে বেশী নম্বর প্রাপ্ত Continuous Assessment বিবেচনা করা হইবে)। উল্লেখ্য যে, Supplementary পরীক্ষায় অকৃতকার্য ছাত্র/ছাত্রীগণ চলতি টার্ম ফাইনাল পরীক্ষায়ও অংশগ্রহণ করিতে পারিবে।

উল্লেখ্য, উক্ত Supplementary পরীক্ষা ২১/০৪/২০১৩ ও ২৪/০৪/২০১৩ তারিখ বিকাল ২:০০ টা হইতে ৫:০০ টা পর্যন্ত সময়ে ECE Building (8th Floor, East Side)-এ অনুষ্ঠিত হইবে। পরীক্ষার বিস্তারিত প্রোগ্রাম যথাসময়ে ঘোষণা করা হইবে।

(ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সিই- ৫০১ (৬০)

তারিখ : ২৫/০৩/২০১৩

অনুলিপি :

- ১। সকল ডীন, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৩। রেজিস্ট্রার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করণের জন্য)
- ৪। ছাত্র কল্যাণ পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৫। পরিচালক, আইআইসিটি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও অনলাইন রেজিস্ট্রেশনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৬। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। সকল নোটিশ বোর্ড (বিশ্ববিদ্যালয় ও হল), বাঃ প্রঃ বিঃ, ঢাকা

— ১১ —
(মোঃ সানাউল্লাহ হাকিম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

১১০০ নং ২৬ নং মেমো (Public)